REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১২শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা চৈত্র বুধবার ১৩৩২ ইংরাজী 17th March 1926 | ৩৭শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸০ টাকা। নগদ মূল্য /১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিজয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## মুরারি বটিকা।

—:০:—

সর্ব্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী

১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।

# হিলিংবাম

গত ৩১ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

### ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৸০

# স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে বর্ষা পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

### রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৷৵০ দশ আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

## বিজ্ঞাপন।

কলিকাতা ক্যাম্বেল মেডিক্যাল স্কুলে কম্পাউণ্ডারী শিক্ষার জন্য মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ড হইতে মাসিক ১০৲ দশ টাকা হিসাবে ছয়টী বৃত্তি দেওয়া হইবে। আগামী ৭ই এপ্রিল মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করিতে হইবে।

মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ড অফিস, ১৭ই মার্চ্চ ১৯২৬ } স্বাক্ষর মৌলভী এক্রামউল হক
ভাইস চেয়ারম্যান
ডিষ্ট্রীক্ট বোর্ড।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৩রা চৈত্র বুধবার ১৩৩২ সাল।


## গান্ধী কথা।

পত্রান্তরে প্রকাশ মহাত্মা গান্ধী কিঞ্চিৎ সুস্থ হইয়াছেন। তিনি এ বৎসর আর প্রচারে বাহির হইবেন না, আশ্রমে বসিয়া আশ্রম-সংস্কার ও খাদিপ্রতিষ্ঠান চালাইবেন। খাদিকে তিনি প্রাণাপেক্ষা অধিক ভালবাসেন—খাদিকে তিনি একদিনের জন্যও ফেলিয়া রাখিতে পারেন না। বাঙ্গালায় খাদি প্রতিষ্ঠান তাঁহার আরব্ধ কার্য্য পূর্ণোদ্যমে চালাইতেছেন—একদিকে অধ্যাপক শ্রীযুক্ত নৃপেন্দ্র চন্দ্র বন্দ্যোপাধ্যায় অপর দিকে ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র ঘোষ তাঁহারা সহরে খাদি ফেরি করিয়া এক্ষণে বাঙ্গালার গ্রামে গ্রামে ঘুরিয়া বেড়াইতেছেন। কুমিল্লার অভয় আশ্রম প্রভৃতি হইতেও খদ্দরের কাজ চলিতেছে। মহাত্মাজীর বাঙ্গালা ভ্রমণের ফল এতদিনে ফলিতে আরম্ভ হইয়াছে—গ্রাম্য লোকেরা খদ্দর পরিধান করিতেছেন। সকল প্রদেশেই যদি এইভাবে কাজ চলে, তাহা হইলে অচিরে মহাত্মাজীর আশা পূর্ণ হইতে পারে।

## চিত্তরঞ্জনের স্মৃতিরক্ষা।

কর্পোরেশনে কি ভাবে দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ মহাশয়ের স্মৃতি রক্ষিত হইবে, ইহা বিবেচনা করিবার জন্য গত জুন মাসে একটি স্পেশাল কমিটি নিযুক্ত করা হইয়াছিল। সম্প্রতি সেই কমিটি তাঁহাদের রিপোর্ট দাখিল করিয়াছেন। কমিটী রিপোর্টে নিম্ন প্রস্তাবগুলি করিয়াছেন—(১) এঞ্জিনিয়ার মিঃ জে, সি, বন্দ্যোপাধ্যায় দেশবন্ধুর যে পূর্ণাকৃতি তৈলচিত্র কর্পোরেশনকে উপহার দিবার প্রস্তাব করিয়াছেন, তাহা কর্পোরেশনের সভা গৃহে প্রতিষ্ঠিত করা হউক। (২) সেন্ট্রাল এভিনিউ নাম বদলাইয়া চিত্তরঞ্জন এভিনিউ রাখা হউক। (৩) শ্যামবাজার নিউপার্কটীর নাম চিত্তরঞ্জন পার্ক রাখা হউক। (৪) সেন্ট্রাল মিউনিসিপাল অফিস বাটীতে চিত্তরঞ্জনের একটী মর্ম্মরমূর্ত্তির প্রতিষ্ঠা করা হউক এবং মূর্ত্তি তৈয়ারীর ব্যয় বহন করিতে কৌন্সিলার ও ওলডারম্যানদিগকে অনুরোধ করা হউক। এই মর্ম্মরমূর্ত্তি নির্ম্মাণের জন্য ২০ হাজার টাকা পড়িবে বলিয়া বোম্বাইয়ের ভাস্কর মিঃ মাভরে অভিমত প্রকাশ করিয়াছেন। আমরা এই সকল প্রস্তাবের সমর্থন করি।

## অদ্ভুত পর্ব্বত গহ্বর।

"টাইমস অব আসাম" পত্রে জনৈক সংবাদ দাতা নিম্ন কৌতুহলোদ্দীপক সংবাদ দিয়াছেন। চেরাপুঞ্জী অধিত্যকা হইতে সুদূর কামখ্যা পাহাড় পর্য্যন্ত একটী ভূগর্ভস্থ পথ আছে বলিয়া প্রবাদ আছে। সম্প্রতি চারিজন লোক মোবালংয়ে একটি নেপালী পথ প্রদর্শকের সাহায্যে প্রজ্জ্বলিত মশাল হস্তে গহ্বরে নামিয়াছিল এবং কিছুদূর অগ্রসর হইলে তাহারা বেশ উষ্ণতা অনুভব করে। মশালের আলোতে নানাপ্রকার পাথরের বিবিধ দীপ্তি সুন্দর উজ্জ্বলিত হইয়া উঠিয়াছিল। উপরের পাথরগুলিতে চারু কারুকার্য্য দৃষ্ট হইয়াছিল। এবং পিণ্ডাকার পাথরসকল দৃঢ়কায় প্রাসাদের স্তম্ভের মত বোধ হইয়াছিল। মশালের আলোতে যতদূর দেখা যায়, ততদূর বরাবর সম্মুখে দৃষ্টিপাত করা মাত্র বাঘের মাথা, সিংহের কেশর, টিকটিকি এবং সাপের অনুরূপ মূর্ত্তি দেখিতে পাওয়া গেল। আলো নিবিয়া গেলে অন্ধকার হইবে বলিয়া ভূগর্ভস্থ পথে আর অগ্রসর হওয়া গেল না। সংবাদ-দাতা আশা করেন যে, অধিকতর দুঃসাহসিক এবং উৎসাহশীল লোক পাওয়া গেলে এ পর্য্যন্ত অনাবিষ্কৃত এই ভুগর্ভস্থ স্থানের অভিযান শেষ করা যাইতে পারে।

রেল কর্ম্মচারী দ্বারা যুবতীর উপর

## পাশবিক অত্যাচার।

সহযোগী "ঢাকা প্রকাশ" বলেন, একটী মুশলমান যুবতী কলিকাতা হইতে নাটোর আসিতেছিল। পথে সে এক ট্রাভলিং টিকিট পরীক্ষকের কুদৃষ্টিতে পড়ে ও সে ভুলাইয়া তাহাকে সান্তাহারে লইয়া আসে। কিছুক্ষণ বিশ্রামাগারে রাখিবার পর এই দুর্ব্বৃত্ত অন্য দুই সমব্যবসায়ীসহ স্ত্রীলোকটিকে ফুসলাইয়া একখানি খালি গাড়ীর মধ্যে লইয়া গিয়া তাহার উপর পাশবিক অত্যাচার করে। স্ত্রীলোকটীর আর্ত্তনাদে এক গোয়েন্দা কর্ম্মচারী তথায় উপনীত হইলে দুর্ব্বৃত্তেরা জানালা দিয়া পলায়ন করে। পরে গোয়েন্দা কর্ম্মচারী ষ্টেশন মাষ্টার ও অন্যান্য লোক আসিয়া মেয়েটিকে উদ্ধার করে। তাহার কাছে সমস্ত বিষয় শুনিয়া টিকিট পরীক্ষকদিগকে একত্রিত করা হয়। শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, পীযুষ কান্তি বন্দ্যোপাধ্যায় ও আর এক টিকিট পরীক্ষককে যুবতী সনাক্ত করে। সেদিন রেলপুলিশের ইন্‌স্পেকটরও ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। তিনি সমস্ত বিষয় জানেন, কিন্তু ষ্টেশনের জনৈক টিকিট পরীক্ষকের সঙ্গে তাঁহার বড় মাখামাখি ভাব। টিকিট-পরীক্ষক ত্রয়ের মধ্যে পীযুষকান্তি বন্দ্যোপাধ্যায় ইন্‌স্পেকটর মহাশয়ের বন্ধু ও টিকিট কালেকটরের ভ্রাতা। ইন্‌স্পেকটর মহাশয় থানার দারোগা বাবুকে বলিলেন যে, ব্যাপারটাকে কোনওরূপে মিথ্যা বলিয়া বা চাপা দিয়া যেন মিটাইয়া দেওয়া হয়। বেচারা দারোগা বাবু মনিবের হুকুম ত রদ করিতে পারেন না, তাঁহাকে বাধ্য হইয়া উপায় খুঁজিতে হয়। ঘটনা রাত্রি প্রায় ১১।১২ টার সময় হয়, কিন্তু সেদিন আর জবানবন্দী লেখা হইল না। পরদিন টিকিট কালেকটরের সহিত পরামর্শ করিয়া মেয়েটিকে ভয় দেখাইয়া, ধমক দিয়া ও ফুসলাইয়া তাহাদের মনোমত জবানবন্দী ডায়েরিতে লেখা হয়। ঘটনার পর ৩।৪ দিন পর্য্যন্ত মেয়েটিকে থানায় আটকাইয়া রাখা হয়, কিন্তু টিকিট পরীক্ষকদিগকে তখনই সামান্য জামিনে ছাড়িয়া দেওয়া হয়। পরে কি ভাবিয়া মেয়েটিকে ৩।৪ দিন পরে স্থানান্তরে পাঠান হয়। পুলিশ ঘটনাটিকে ধামা চাপা দিবার চেষ্টায় আছে।

## সাধু সেবার জমা খরচ।

এখানে সাধুদিগের সেবার জন্য যে সকল মহাত্মাগণ চাঁদা দিয়াছিলেন তাঁহাদের নাম, আদায়ী টাকা ও খরচের জায় নিম্নে দিলাম।

২৩শে ফাল্গুন রবিবার।

| | |
|---|---|
| মাঃ ঘুড়ন তেওয়ারী চাঁদা আদায় | ১৫।৶০ |
| শ্রীযুক্ত লচ্ছু ভকত বিষনরাম | ২৲ |
| লচ্ছু ভকত কিষনরাম | ২৲ |
| বিল্লর ভকত | ১৲ |
| রামেশ্বর আগরয়ালা | ১৲ |
| জয়কৃষ্ণ দত্ত | ১৲ |
| কেনারাম চন্দ্র | ১৲ |
| কালুরাম আগরয়ালা | ১৲ |
| | ২৪।৶০ |

জগবন্ধু দে আতপ চাউল ৴৯, গুড় ৴২।০, আলু ৴২।০, লবণ ৴৷৷৴০ ও ঘৃত ৴৷৷০
মহেন্দ্রনাথ পাঁড়ে যব ৴২।০, আতপ ৴৩ ও নগদ ৷৷৴০
মুরারী বাবু ।৵৭৷৷০ যোগীন বাবু ৴৫ আতপ

খরচ।

| | |
|---|---|
| আতপ চাউল ১৴০ মণ | ৮৲ |
| ঘৃত | ৩৲ |
| দাউল | ২৷৷০ |
| গাঁজা | ১১৴০ |
| জগবন্ধুর দোকানে মসলা ইত্যাদি | ৬৶১০ |
| বিড়ির মসলা | ১।০ |
| | ৩২৲১০ |

ময়দা, তরকারী, মসলা প্রভৃতি আরও খরচ আছে। জমা ছাড়াইয়া যাওয়ায় তাহার বিশেষ হিসাব দিলাম না।

শ্রীবৃন্দাবন চন্দ্র রায়।

৩০শে ফাল্গুন ও ১লা চৈত্র।

| | | |
|---|---|---|
| ১। | শ্রীযুক্ত বাবু শ্রীশচন্দ্র দে। দ্বিতীয় মুন্সেফ | ১০৲ |
| ২। | মহেন্দ্র নাথ পাঁড়ে | ১০৲ |
| ৩। | নটবর সরকার | ১৲ |
| ৪। | অসীমকৃষ্ণ সেন | ১৲ |
| ৫। | কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় | ১৲ |
| ৬। | অবিনাশ চন্দ্র রায় | ১৲ |
| ৭। | শশিভূষণ সাহা | ১৲ |
| ৮। | সরোজমোহন মজুমদার | ১৲ |
| ৯। | দীননাথ বন্দ্যোপাধ্যায় | ১৲ |
| ১০। | মৌলবী আবদার রহমান | ১৲ |

| | | |
|---|---|---|
| ১১। | হরিপদ সরকার | ১৲ |
| ১২। | সুন্দরলাল ঘোষ | ১৲ |
| ১৩। | নলিনাক্ষ ভারতী | ২৲ |
| ১৪। | শিবচন্দ্র দত্ত | ১৲ |
| ১৫। | বিভূতিভূষণ দাস | ১৲ |
| ১৬। | দ্বারিকানাথ সাহা | ১৲ |
| ১৭। | হাজারীলাল মুখোপাধ্যায় | ২৲ |
| ১৮। | নবদ্বীপচন্দ্র দাস | ২৲ |
| ১৯। | মুরলীধর সরকার | ২৲ |
| ২০। | শ্রীপতিমোহন সেন | ১৲ |
| ২১। | শরচ্চন্দ্র ভট্টাচার্য্য | ১৲ |
| ২২। | প্রতাপচন্দ্র দাস | ১৲ |
| ২৩। | মন্মথনাথ রায় | ১৲ |
| ২৪। | দিগেন বাবুর বাটী | ॥০ |
| ২৫। | ধীরেন্দ্রনাথ চৌধুরী | ১৲ |
| ২৬। | অমরনাথ মুখোপাধ্যায় | ১৲ |
| ২৭। | রাধাগোবিন্দ রায় | ১৲ |
| ২৮। | গোবিন্দলাল ঘোষ | ২৲ |
| ২৯। | সুরেন্দ্রনাথ ঘোষ | ১৲ |
| ৩০। | ৺কেশব বাবুর স্ত্রী | ৫৲ |
| ৩১। | হরিহর চট্টোপাধ্যায় | ১৲ |
| ৩২। | যতীন্দ্রনাথ সাহা | ॥০ |
| ৩৩। | অবিনাশচন্দ্র মৈত্র | ১৲ |
| ৩৪। | রাখালরাজ বন্দ্যোপাধ্যায় | ১৲ |
| ৩৫। | হরিহর ঘোষাল | ২৲ |
| ৩৬। | দ্বিজপদ চট্টোপাধ্যায় | ২৲ |
| ৩৭। | শরৎচন্দ্র মুখোপাধ্যায় | ১৲ |
| ৩৮। | বসন্তকুমার দাস | ২৲ |
| ৩৯। | তুলুপদ দত্ত | ১৲ |
| ৪০। | কৃষ্ণপ্রসাদ গুপ্ত | ১৲ |
| ৪১। | শ্রীশচন্দ্র সরকার | ২৲ |
| ৪২। | রমানাথ বন্দ্যোপাধ্যায় | ১৲ |
| ৪৩। | মতিলাল সাহা | ১৲ |
| ৪৪। | মুনিশচন্দ্র চৌধুরী | ১৲ |
| ৪৫। | গঙ্গাধর সাহা | ১৲ |
| ৪৬। | শ্রীমতী অচলাবালা দেবী | ২৲ |
| ৪৭। | শ্রীযুক্ত বাবু মণীন্দ্রনাথ চক্রবর্ত্তী | ১৲ |
| ৪৮। | বসন্তকুমার সাহা | ১৲ |
| ৪৯। | গোপালচন্দ্র নাজির | ১৲ |
| ৫০। | মহেন্দ্রনাথ পাঁড়ে (২য় দফা) | ১৲ |
| ৫১। | বৃন্দাবনচন্দ্র রায় | ৪৲ |
| ৫২। | যোগেন্দ্রনারায়ণ দত্ত | ২৷০ |
| ৫৩। | কুমেদ সাহানী | ৫৲ |
| ৫৪। | শ্যামাচরণ চক্রবর্ত্তী | ১৲ |
| ৫৫। | রাসবিহারী বন্দ্যোপাধ্যায় | ২৲ |
| ৫৬। | গোপালচন্দ্র সাহা | ॥০ |
| ৫৭। | নন্দকুমার বড়াল | ১৷৵৫ |
| ৫৮। | মাঃ বিষ্ণু মাল | ৸৶০ |
| ৫৯। | মাঃ অসীমকৃষ্ণ সেন আদায় | ১২৷৶০ |
| | দফে | ৪॥০ |
| ৬০। | শ্রীশ সাহা | ।০ |
| ৬১। | তুলুপদ দাস | ২৲ |
| ৬২। | রামচন্দ্র চট্টরাজ | ১৲ |
| ৬৩। | শশিভূষণ চট্টোপাধ্যায় | ১৲ |
| ৬৪। | যোগেশচন্দ্র মুখোপাধ্যায় | ২৲ |
| ৬৫। | হলধর দাস | ১৲ |
| ৬৬। | জনৈক স্ত্রীলোক | ।০ |
| | | ১২২৷৶৫ |
| ৬৭। | যোগীন্দ্রনারায়ণ সাহার চিড়ের মূল্য | ৮॥৶৫ |
| | | ১৩১৵১০ |
| ৬৮। | শ্রীশচন্দ্র দে (২য় দফা) | ৫॥০ |
| | | ১৩৬॥৵১০ |
| | বাদ খরচ | ১২৭৸১০ |
| | মজুদ | ৮৸৵০ |

এই টাকা মজুদ আছে।
শ্রীবৃন্দাবনচন্দ্র রায়।


# সুরবল্লী কষায়



## বাহিরের মলম মাজায় খোস পাঁচড়া ও রক্তদুষ্টি জনিত চর্ম্মরোগ সারে না।

## সুরবল্লী কষায়

রক্তদুষ্টি দূরীভূত করিতে আজও অপ্রতিদ্বন্দী সালসা। ইহা পারদ ঘটিত নয় ও খাইতেও কোন হাঙ্গামা নাই। প্রত্যেক শিশির সঙ্গে সম্পূর্ণ ব্যবস্থা দেওয়া আছে।

এক শিশি ১॥০ টাকা; ডাকে ২।⁄০
তিন শিশি ৩৸০ আনা; ডাকে ৫৵০

সি, কে, সেন এণ্ড কোং লিঃ,
২৯ কলুটোলা—কলিকাতা।


খরচ ২ দিনের—

| | |
|---|---|
| ময়দা ও বেসন | ১০৶০ |
| ঘৃত | ৩৯৸০ |
| আতপ চাউল | ১২৷০ |
| বাদাম | ১৲ |
| দধি | ১১৷০ |
| সন্দেশ | ৬॥০ |
| গাঁজা | ১৬৷৶১০ |
| গাড়ী ভাড়া | ১৵১০ |
| বিড়ির মসলা | ১৸৵০ |
| তিল | ১৷৶০ |
| কিসমিস | ৸৵০ |
| হর্ষমলের ঘরে ২দিনে চিনি ও মসলা খরিদ | ১৬॥৵১০ |
| তরকারী, হাঁড়ি ইত্যাদি অন্যান্য জিনিস খরিদ | ৮॥৵০ |
| | ১২৭৸১০ |


ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸০ বার আনা।

ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।

## দুর্দ্দিন থাকিবে না, শীঘ্রই সুদিন ফিরিয়া পাইবে।

শুধু অর্থাভাবই যে মানবের দুর্দ্দিনের কারণ সে কথা ঠিক নহে। জিনিষের দুর্ম্মূল্য, বিলাসিতা, শরীরের ব্যাধি এই কয়টীই হচ্ছে অন্যতম কারণ। ব্যাধির ভিতর শুক্রক্ষয় জনিত পীড়াই ভীষণ। শুক্র অধিক ক্ষয় হইলে কি হয় শুনুন। এক ফোঁটা শুক্র ৪০ ফোঁটা রক্তের সমান। কুপথে থাকা বশতঃ বা কুস্বভাবহেতু অকালে যে বীর্য্য নষ্ট হয়, তাহা অপেক্ষা ৪০ গুণ রক্ত শরীর হইতে বহির্গত হইয়া যায়। শরীরের রক্ত অধিক ক্ষয় হইলে, যাবতীয় অবয়বেরই শক্তিহীনতা উপস্থিত হয়। ইহা হইতে পরিত্রাণ পাইলে আর দুর্দ্দিন থাকিবে কেন? দুর্দ্দিন দূর করিতে হইলে শরীর সুস্থ ও রক্ত বৃদ্ধি করা একান্ত কর্ত্তব্য।

রক্ত বৃদ্ধি করিয়া সুখে কাল কাটাইবার ইচ্ছা থাকিলে কলিকাতার ২১৪নং বহুবাজার ষ্ট্রীটস্থ এম, জি, শাস্ত্রীর আবিষ্কৃত আতঙ্ক নিগ্রহ বটিকা ও অমৃতার্ণব অবলেহ একযোগে সেবন করুন। সেবনে নষ্ট স্বাস্থ্য পুনরুদ্ধার হইবে। উভয়ের মূল্য ৩৲ তিন টাকা।

বিস্তারিত জানিতে হইলে ঐ ঠিকানা হইতে অমূল্যবান্ধব বা কামশাস্ত্রখানি লইয়া পাঠ করুন। মূল্য ত নাইই; ডাকে লইতে মাশুলও লাগে না।

**আতঙ্ক নিগ্রহ ঔষধালয়।**
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

## ইলেক্ট্রিক সলিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অাত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

**সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।**
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৶০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

### ১নং। দামোদর সুধা।ঃ—

মূল্য ॥৶০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




### ২নং বিনা অস্ত্রে আরোগ্য অপেরীণ।ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

**৩নং। স্পিরিট ক্যাম্ফার ঃ—** ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৶০ আনা একত্রে ৩ শিশি ১৲

**৪নং। একজিন ঃ—** একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা।